**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23–04–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের সরব প্রচার আগামীকাল বিকেলে শেষ হচ্ছে ।**

**(২) ভারতের নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল নতুনদিল্লি থেকে আজ ভিডিও কনফারেন্সে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ভোট গ্রহণের প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করেন ।**

**(৩) পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনে পোষ্টাল ব্যালটে ভোট গ্রহনের কাজ আজ শেষ হয়েছে ।**

**(৪) বর্তমানে আর্দ্রতা ও তাপ প্রবাহ পরিস্থিতির দিকে লক্ষ্য রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে রাজ্যে স্টেট স্পেসিফিক ডিজাস্টার ঘোষণা করা হয়েছে।**

********************************************

**Election East Tripura P.C. :**

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনসহ দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনে আগামীকাল বিকেলে সরব প্রচারের অবসান হবে। আগামী ২৬শে এপ্রিল পূর্ব ত্রিপুরা সহ দেশের ৮৮টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে। পূর্ব ত্রিপুরা

লোকসভা আসনে প্রায় ১৪ লক্ষ ভোটার ৯ জন প্রার্থীর ভাগ্য নির্ধারন করবেন। প্রতিদ্বন্দ্বী ৯ জন প্রার্থীর মধ্যে মূল প্রতিদ্বন্দ্বিতা হবে ভারতীয় জনতা পার্টির কৃতি দেবী দেববর্মনের সঙ্গে ইন্ডিয়া জোটের সি পি আই (এম) প্রার্থী রাজেন্দ্র রিয়াং-এর। এই আসনে ১৩ লক্ষ ৯৬ হাজার ৭৬১ জন ভোটার রয়েছেন। ১৮-১৯ বছর বয়সী নতুন ভোটার রয়েছেন ৩৬ হাজারের বেশি। বুথ রয়েছে ১৬৬৪টি। এর মধ্যে শহর এলাকায় রয়েছে ১৫৮টি বুথ ও গ্রামীন এলাকায় রয়েছে ১৫০৬টি বুথ। আদর্শ ভোট কেন্দ্র রয়েছে ১৩টি। মহিলা ভোট কর্মী পরিচালিত ১২টি। যুবা ও দিব্যাঙ্গ ভোট কর্মী পরিচালিত ভোট কেন্দ্র রয়েছে ৬টি করে।

***************************

**ECI-review meeting :**

ভারতের নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল নতুনদিল্লি থেকে আজ ভিডিও কনফারেন্সে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ভোট গ্রহণের প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করেন। উপনির্বাচন কমিশনার মনোজ সাউ-এর নেতৃত্বে ভারতের নির্বাচন কমিশনের সচিব সন্তোষ কুমার দুবে ও প্রিন্সিপাল সেক্রেটারি অরবিন্দ আনন্দ এই পর্যালোচনায় অংশ নেন। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল ও রাজ্য পুলিশ নোডাল অফিসার জি এস রাও সাব্রুম থেকে এই পর্যালোচনায় অংশ নেন। তাছাড়াও পূর্ব ত্রিপুরা আসনের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা সাজু ওয়াহিদ এ, উত্তর ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক দেবপ্রিয় বর্ধন, ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক ডি কে চাকমা, খোয়াই জেলার জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দন, গোমতী জেলার জেলা নির্বাচন

আধিকারিক তড়িৎ কান্তি চাকমা, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সবাল সহ সংসদীয় ক্ষেত্রের পুলিশ সুপারগণ এই পর্যালোচনায় অংশ নেন।

পর্যালোচনা সভায় অবাধ ও সম্পূর্ণ ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণ এবং ভোটারগণকে ভোটদানে আরও উৎসাহিত করার জন্য গুরুত্ব আরোপ করা হয়। রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ জানান, শান্তিপূর্ণ ও ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণ সম্পন্ন করতে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভোটের হার বৃদ্ধিতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। ইতিমধ্যেই মাইক্রো অবজারভারদের ও ভোটগ্রহণ কর্মীদের মহড়ার কাজ শেষ হয়েছে। প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে।

সংসদীয় ক্ষেত্রের বিভিন্ন রাস্তায় নাকা পয়েন্ট স্থাপনের মাধ্যমে কঠোর নজরদারি জারি রাখা হয়েছে। তাছাড়া শান্তিশৃঙ্খলা বজায় রাখতে কেন্দ্রীয় বাহিনী সহ রাজ্য পুলিশের মাধ্যমে একযোগে পুলিশি টহল, সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হচ্ছে। আগামীকাল থেকে ড্রাই রানের পাশাপাশি ১৪৪ ধারা জারি করা হবে। ভারত-বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে। ৮৫ বছর উর্দ্ধ নাগরিক এবং দিব্যাঙ্গজনদের ভোটগ্রহণ এবং পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ শান্তিপূর্ণ ভাবে ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, ব্রু শরনার্থীদের ভোট প্রদান নিশ্চিত করতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে।

******************************

**Postal Ballot-East Tripura :**

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনে পোষ্টাল ব্যালটে ভোট গ্রহনের কাজ আজ শেষ হয়েছে। পোষ্টাল ব্যালটে মোট ১ হাজার ৮৭ জন ভোটারের মধ্যে ১ হাজার ৫৭ জন ভোটার ভোটাধিকার প্রয়োগ করেছেন। পোষ্টাল ব্যালটে ভোটের হার ৯৭.২৪ শতাংশ। এদিকে, ধলাই জেলা শাসকের কার্যালয়ে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে ধলাই জেলার পুলিশ সুপার অভিনাশ রাই সহ পুলিশ ও প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন। বৈঠক শেষে রিটার্নিং অফিসার জানান, আগামী ২৬শে এপ্রিল পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে অবাধ এবং সুষ্ঠুভাবে ভোট গ্রহনের বিষয় নিয়ে আজকের বৈঠকে বিস্তারিত পর্যালোচনা করা হয়। ভোট গ্রহনের দিন যাতে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য পুলিশ সর্বত্র কড়া নজরদারি করবে। তিনি জানান, আগামীকাল বিকেল পাঁচটার পর থেকে গোটা পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের সর্বত্র ১৪৪ ধারা জারি করা হবে। তিনি জানান,

##########Byte##########

****************************

**Election Force :**

রাজ্য পুলিশের আইন শৃঙ্খলা বিষয়ক এআইজি জ্যোতিষ্মান দাস চৌধুরী জানিয়েছেন আগামী ২৬শে এপ্রিল পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ভোট পর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। এই আসনে ৪৪৩টি সংকটপূর্ণ ভোটকেন্দ্র রয়েছে। প্রত্যেক ভোট কেন্দ্রের ভিতরে চারজন করে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী অর্থাৎ সিএপি মোতায়ন করা হবে।

এছাড়া ক্রিটিক্যাল ভোট কেন্দ্রগুলিতে সিএপি এবং বাইরে টিএসআর মোতায়েন করা হচ্ছে। সব মিলিয়ে প্রায় চৌদ্দ হাজার নিরাপত্তা কর্মীকে ভোটের কাজে নিয়োগ করা হচ্ছে। এদের মধ্যে ৮৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর প্রায় ছয় হাজার এবং টি এস আর এর প্রায় চার হাজার নিরাপত্তা রক্ষী থাকবেন। এছাড়াও রাজ্য পুলিশের বিভিন্ন ইউনিটের প্রায় চার হাজার পুলিশ কর্মীকে মোতায়েন করা হবে বলে জানান শ্রী দাস চৌধুরী।

*****************************

**C.E.O-KUMARGHAT :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল আজ সকালে ঊনকোটি জেলার কুমারঘাট সফর করেন। তাঁর সঙ্গে ছিলেন রাজ্য পুলিশের নোডাল অফিসার তথা অতিরিক্ত পুলিশ মহা-নির্দেশক গুণসিন্ধু রাও। কুমারঘাট মহকুমার রাধানগরস্থিত আসাম রাইফেলসের হেলিপ্যাডে ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জানগির তাঁদের স্বাগত জানান। এরপর রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল এর উপস্থিতিতে কুমারঘাটের P.W.D ডাকবাংলোতে অনুষ্ঠিত বৈঠকে আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতি ও নিরাপত্তা বিষয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। মুখ্য নির্বাচনী আধিকারিক আজ কুমারঘাটের পাবিয়াছড়া কলোনী মাধ্যমিক বিদ্যালয়ে ভোটপর্বের ডিসপারসেল সেন্টারটি পরিদর্শন করেন। আকাশবাণীর জেলা সংবাদ প্রতিনিধি অনুপম ভট্টাচার্যকে প্রদত্ত একান্ত সাক্ষাৎকারে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগর ওয়াল জানান, আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতি সরেজমিনে পর্যবেক্ষণ করতে তাঁর এই সফর। আগামী ২৬শে এপ্রিল নির্ভয়ে ও স্বাচ্ছন্দে

ভোটকেন্দ্রে গিয়ে ভোটারদের ভোটাধিকার প্রয়োগ করার আবেদন জানান তিনি।

**************************

**CEO-Sabroom :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল ও রাজ্য পুলিশের অতিরিক্ত মহা নির্দেশক জিএস রাও আজ সাব্রুম মহকুমা শাসকের অফিসে দক্ষিন জেলা নির্বাচনী আধিকারিক, জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলা পুলিশ সুপার অশোক কুমার সিনহাকে নিয়ে এক পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে সাব্রুম, শান্তিরবাজারের মহকুমা শাসক ও মহকুমা পুলিশ আধিকারিকগন এবং জোলাইবাড়ি, সাব্রুম, মনু ও ঋষ্যমুখ বিধানসভার সহকারী রিটার্নিং অফিসারগণ উপস্থিত ছিলেন। এই বৈঠকে আগামী ২৬শে এপ্রিল দ্বিতীয় দফার নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্যে যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখেন এবং শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করতে প্রয়োজনীয় নির্দেশ দেন।

***************************

**Heatwave :**

বর্তমানে আর্দ্রতা ও তাপ প্রবাহ পরিস্থিতির দিকে লক্ষ্য রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে রাজ্যে স্টেট স্পেসিফিক ডিজাস্টার ঘোষণা করা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে রাজস্ব দপ্তরের পক্ষ থেকে রাজ্যে সমস্ত জেলাস্তরীয় বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে এবিষয়ে জনগণকে সচেতন করতে বলা হয়েছে। রাজ্যবাসীর নিরাপত্তা নিশ্চিত করতে জেলা প্রশাসনকেও আপৎকালীন সহায়তা কেন্দ্র,

কুইক রেসপন্স টিমগুলিকে সক্রিয় করতে পরামর্শ দেওয়া হয়েছে ও অবিরাম বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বলা হয়েছে। রাজস্ব দপ্তর উদ্ভূত পরিস্থিতিতে জনস্বার্থে কিছু পরামর্শ প্রদান করেছে। রৌদ্রতাপ এড়িয়ে থাকা, বেশি জল খাওয়া, হালকা সুতি ও হালকা ধরণের বস্ত্র পরিধান করা, ঘরের বাইরে বেরোলে ছাতা/টুপি ব্যবহার করা। বেশি পরিমাণে প্রোটিনযুক্ত খাবার ও বাসি খাবার খাওয়া থেকে বিরত থাকা।

*********************************

**BJP Campaign-CM :**

ঊনকোটি জেলার ফটিকরায় নজরুল কলাকেন্দ্র সংলগ্ন মাঠে B.J.P 'র উদ্যোগে আজ বিকালে এক নির্বাচনী জনসভায় প্রধান বক্তার ভাষনে বরিষ্ঠ বিজেপি নেতা তথা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, বি,জে,পি সবসময় মানুষের কল্যাণে কাজ করে। তিনি ইন্ডিয়া জোটের নীতির ও কাজকর্মের সমালোচনা করেন। জনসভায় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, বিজেপি' রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্যও বক্তব্য রাখেন।

কাঞ্চনপুর মহকুমার গছিরামপাড়ায় আজ বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মনের সমর্থনে এক সমাবেশে বক্তব্য রাখেন মুখ্যমন্ত্রী ডাঃ সাহা এবং বিজেপির রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য।

****************************

**SPEAKER AT MASS RALLY :**

বিজেপি ধর্মনগর মন্ডলের উদ্যোগে আজ বিকেলে ধর্মনগর শহরে এক নির্বাচনী র‍্যালী অনুষ্ঠিত হয়। র‍্যালীতে অংশ নেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন।

*****************************

**I.N.D.I.A Bloc-Kumarghat :**

পূর্ব ত্রিপুরা সংসদীয় আসনে ইন্ডিয়া জোট সমর্থিত সি পি আই (এম) প্রার্থী রাজেন্দ্র রিয়াং এর সমর্থনে আজ ঊনকোটি জেলার কুমারঘাটে বাড়ী বাড়ী ভোটপ্রচার করা হয়। দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, ইন্ডিয়া জোট গঠনের প্রেক্ষাপট তুলে ধরে এবং জোটের প্রার্থীকে বিজয়ী করার আবেদন জানানো হয়। সিপিআই (এম) কুমারঘাট মহকুমা সম্পাদক মিন্টু চন্দ্র দাস জানান, বাড়ী বাড়ী ভোটপ্রচার ছাড়াও নানা আঙ্গিকের প্রচার চালানো হচ্ছে।

***************************

**Governor-Kathiya Baba college :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ পশ্চিম ভুবনবনস্থিত স্বামী ধনঞ্জয় দাস কাঠিয়াবাবা মিশন কলেজে হনুমাদ ধ্বজা পূজানম অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। রাজ্যপাল শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে নতুন শিক্ষা নীতি অনুযায়ী মূল্যবোধ কেন্দ্রিক শিক্ষার উপর গুরুত্বরোপ করতে বলেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কলেজের প্রতিষ্ঠাতা খুবামেলা শ্রী মোহন্ত, ডাঃ বৃন্দাবন বিহারী দাস কাঠিয়া বাবা মহারাজ প্রমুখ।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা। তাপমাত্রা সর্বোচ্চ ৩৮ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ দশমিক ছয় ডিগ্রি এবং সর্বনিম্ন ২৮.১ ডিগ্রি সেলসিয়াস। রাজ্যের উত্তর ঊনকোটি, ধলাই এবং খোয়াই জেলায়  বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে।

***************************